

অস্ট্রেলিয়ান ফোরাম ফর মাইনোরিটিজ ইন বাংলাদেশ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

সোনার বাংলা রিপোর্ট : অস্ট্রেলিয়ান ফোরাম ফর মাইনোরিটিজ ইন বাংলাদেশ (এএফএমবি) এর বার্ষিক সাধারণ সভা গত ৩০ জুন ,শনিবার সন্ধ্যা ৬টায় হোমবুশ বয়েজ হাইস্কুলে অনুষ্ঠিত হয়। সংগঠনের কোষাধ্যক্ষ সঞ্জীব মহাজন পিন্টু বার্ষিক আয়-ব্যয়ের রিপোর্ট প্রদান করেন। এরপর সাধারণ সম্পাদক অনিল নাথ বিগত বছরের বিভিন্ন কর্মকাণ্ডের বিস্তারিত রিপোর্ট তুলে ধরেন সদস্যদের কাছে। এছাড়া সদস্যদের মাঝ থেকে বিভিন্ন প্রস্তাব তুলে ধরা হয় এ সভায়। সংগঠনকে আরো গতিশীল ও কর্মমুখ্যর করে তোলার ওপর গুরুত্বারাপ করা হয়। আগামী বছরের জন্য গৃহীত বিভিন্ন কর্মকাণ্ডের পরিকল্পনা সদস্যদেরকে আগে থেকে অবহিত করার বিষয়ে আলোকপাত করা হয় এবং বিভিন্ন ধরনের অনুষ্ঠানের মাধ্যমে তহবিল সংগ্রহের বিষয়ে সকলে ঐকমত্য প্রকাশ করেন। বাংলাদেশ থেকে সিডনিতে পড়তে আসা ক্যান্সারে আক্রান্ত দীপায়নের চিকিৎসায় সহযোগিতার জন্য সকলের কাছে আবেদন জানানো হয় ফোরামের পক্ষ থেকে। এ সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ড. সমীর সরকার। বার্ষিক সাধারণ সভাশেষে ছিলো নৈশভোজের বিরতি। নৈশভোজের পর ছিলো সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে সংগঠনের সদস্যরা অংশ নেন। সাংস্কৃতিক পর্বটি উপস্থাপনা করেন অর্পণা গোস্বামী। সবশেষে সভাপতি ড. সমীর সরকার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। এ সভায় ফোরামের সদস্য ছাড়াও অন্যান্য সংগঠনের নেতৃবৃন্দ ও বিভিন্ন মিডিয়ার কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।